



## ভারতে চলন্ত বাসে আগুন, পুড়ে প্রাণ গেল ২০ জনের



সংগৃহীত ছবি

ভারতে একটি যাত্রীবাহী বাসে আগুন লেগে কমপক্ষে ২০ জন প্রাণ হারিয়েছেন। এ ঘটনায় আরও বেশ কয়েকজন দক্ষ হয়েছেন বলে জানিয়েছে ভারতের একাধিক গণমাধ্যম।

আজ শুক্রবার (২৪ অক্টোবর) স্থানীয় সময় ভোরে অন্ধ্রপ্রদেশের কর্ণুল জেলায় একটি মোটরসাইকেলের সাথে সংঘর্ষের পর বাসটিতে আগুন লাগে।

এ সময় বাসে ৪০ জনেরও বেশি যাত্রী ছিল। বেঙ্গালুরু থেকে হায়দরাবাদ যাচ্ছিল বাসটি। দুর্ঘটনাস্থলে পৌঁছালে পেছন দিক থেকে একটি মোটরসাইকেল ধাক্কা দেয়। পরে দুই চাকার যানটি নিচে আটকা পড়লে মুহূর্তেই আগুন ধরে যায় পুরো বাসে।

কয়েকজন জানালা দিয়ে বের হতে পারলেও ভেতরে আটকা পড়েন অনেক যাত্রী। এ ঘটনায় প্রাণহানির সংখ্যা আরও বাড়তে পারে বলে শঙ্কা করা হচ্ছে।

LENS ASIA